

স্মারক নং ৫১.০১.৭২০০.০১৫.৪১.০৯২.২২- ৬০৫

তারিখ: ৪৪ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
৬০ অক্টোবর ২০২২

বিষয় : ২০২২ - ২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় সংরক্ষিত মহিলা আসন এর অনুকূলে ১ম কিস্তির নগদ অর্থ উপ-বরাদ্দ প্রদান।

সূত্র : ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ০১-০৮-২০২২ তারিখের ৫১.০১.০০০০.০১২.১৪.০০৩.২২-২১৬ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২ - ২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় প্রত্যেক সংরক্ষিত মহিলা আসন এর অনুকূলে ১ম কিস্তিতে নগদ অর্থ ২৯০০০০০.০০ টাকা হারে বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত টাকা হতে সংরক্ষিত মহিলা আসন-৩১৭ এর উপজেলাওয়ারী বিভাজনকৃত নিম্নবর্ণিত নেত্রকোণা সদর উপজেলার মোট ১৯০০০০০.০০ (উনিশ লক্ষ) টাকার বিপরীতে ১১ টি প্রকল্পের নামের তালিকা পাওয়া গেছে। প্রাপ্ত প্রকল্প তালিকা ২৩-১০-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জেলা কর্ণধার কমিটির সভায় অনুমোদন দেওয়া হয়েছে। অনুমোদিত প্রকল্পগুলোর কাজ জরুরি ভিত্তিতে আরম্ভ করে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর এর-অনুকূলে নিম্নোক্ত শর্তে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

ক্রম	নির্বাচনী এলাকা	নি: এ: ভিত্তিক বরাদ্দকৃত টাকার পরিমাণ	নি: এ: ভিত্তিক উপজেলার নাম	প্রকল্প সংখ্যা	উপজেলায় উপ-বরাদ্দকৃত টাকার পরিমাণ	ইউএনও এর পত্র নং ও তারিখ	সংযুক্ত প্রকল্প তালিকা
১.	মহিলা আসন-৩১৭	২৯০০০০০.০০ টাকা	নেত্রকোণা সদর	১১	১৯০০০০০.০০ টাকা	৪৪২ তাং-১১.১০.২০২২	(এক) পাতা

শর্তাবলীঃ


০১. এই ব্যয় বাজেট কোড নং-১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে ব্যয় নির্বাহ করতে হবে ;
০২. ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম কিস্তিতে বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন আগামী ৩০-১১-২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে ;
০৩. উপ-বরাদ্দকৃত অর্থ স্থানীয় হিসাব রক্ষন অফিস হতে উত্তোলন করতে হবে ;
০৪. এই কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান ও টিআর নির্দেশিকা-২০২১ এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে ;
০৫. এই কর্মসূচির প্রকল্প গ্রহণ যাচাই/বাছাইএর ক্ষেত্রে টি-আর কর্মসূচি নির্দেশিকার ৪ নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে
০৬. প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট দৃশ্যমান করতে হবে ;
০৭. বাস্তবায়নধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।
০৮. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি”র সভাপতি করতে হবে;
০৯. নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১০. গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত টাকা ছাড় করতে হবে;
১১. প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতির প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে ;

১২. নিরীক্ষার জন্য যথাযথ হিসাব ও ভাউচার অত্র দপ্তরে সংরক্ষণ করতে হবে।

উপজেলা নির্বাহী অফিসার,
নেত্রকোণা সদর
জেলা- নেত্রকোণা।

স্মারক নং ৫১.০১.৭২০০.০১৫.৪১.০৯২.২২- ৩০৫

- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।
- ০১। মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন- ৩১৭, নেত্রকোণা।
 - ০২। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নেত্রকোণা।
 - ০৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
 - ০৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
 - ০৫। অফিস কপি।



(অঞ্জনা খান মজলিশ)

জেলা প্রশাসক


নেত্রকোণা।

২৭/১০/২২

তারিখ:

১৪ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ

৩০ অক্টোবর ২০২২



জেলা প্রশাসক

নেত্রকোণা।

২৭/১০/২২